যুদ্ধবিরতির মাঝেই ইরানে ফের হামলা যুক্তরাষ্ট্রের



ছবি: সংগৃহীত

ইরানের দক্ষিণাঞ্চলে আবারও সামরিক অভিযান চালিয়েছে যুক্তরাষ্ট্র। মার্কিন সেন্ট্রাল কমান্ডের (সেন্টকম) তথ্য অনুযায়ী, ইরানের ক্ষেপণাস্ত্র স্থাপনা এবং সমুদ্রে মাইন পেতে প্রস্তুতি নেওয়া কয়েকটি নৌযানকে লক্ষ্য করে এ হামলা পরিচালনা করা হয়।

মার্কিন বাহিনীর দাবি, সম্ভাব্য নিরাপত্তা হুমকি মোকাবিলায় আত্মরক্ষামূলক পদক্ষেপ হিসেবেই এ অভিযান চালানো হয়েছে। সেন্টকমের মুখপাত্র ক্যাপ্টেন টিম হকিন্স বলেন, যুদ্ধবিরতি কার্যকর থাকলেও মার্কিন সেনাদের সুরক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া অব্যাহত রয়েছে।

মার্কিন কর্মকর্তাদের বরাতে জানা গেছে, হামলার কেন্দ্র ছিল কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ বন্দর আব্বাস এলাকা। হরমুজ প্রণালির নিকটবর্তী এ অঞ্চলে ইরানের গুরুত্বপূর্ণ নৌঘাঁটি রয়েছে। স্থানীয় গণমাধ্যম বিস্ফোরণের খবর প্রকাশ করলেও তেহরানের পক্ষ থেকে এখনো আনুষ্ঠানিক বক্তব্য আসেনি।

যুদ্ধবিরতি চলমান থাকলেও ওয়াশিংটন ও তেহরানের মধ্যে উত্তেজনা পুরোপুরি কমেনি। একই সময়ে কাতারের দোহায় দুই দেশের প্রতিনিধিদের মধ্যে সম্ভাব্য শান্তি চুক্তি নিয়ে আলোচনা চলছে বলে বিভিন্ন সূত্র জানিয়েছে।

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই বলেছেন, আলোচনায় কিছু অগ্রগতি হলেও এখনই চূড়ান্ত সমঝোতার সম্ভাবনা দেখা যাচ্ছে না। তার ভাষ্য, বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ ইস্যুতে দুই পক্ষের অবস্থান এখনো ভিন্ন রয়েছে।

আলোচনায় যুদ্ধবিরতির সময়সীমা বাড়ানো, হরমুজ প্রণালি পুনরায় সচল করা এবং পারমাণবিক কর্মসূচি নিয়ে নতুন করে সংলাপ শুরুর বিষয় থাকতে পারে। বিশ্লেষকদের মতে, সাম্প্রতিক হামলা মধ্যপ্রাচ্যের পরিস্থিতিকে আরও সংবেদনশীল করে তুলতে পারে।